## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **দ্বিতীয় অধ্যায়:**<br>সমানুপাত ও লাভ-ক্ষতি<br><br>**তৃতীয় অধ্যায়:**<br>পরিমাপ<br><br>**ষষ্ঠ অধ্যায়:**<br>বীজ গণিতীয় ভগ্নাংশ | **সৃজনশীল প্রশ্ন:**<br>১। কাপড় ব্যবসায়ী আমীন ও সজল যথাক্রমে ৪ ঘন্টায় ৫০ কি: মি: ও ৩$\frac{১}{২}$ ঘন্টায় ৫২$\frac{১}{২}$ কি: মি: পথ অতিক্রম করে নারায়ণগঞ্জ পৌছল। ব্যবসায় তারা ২,২০,০০০ টাকা বিনিয়োগ করে ১০% লাভ পেল এবং লভ্যাংশ তাদের গতিবেগের অনুপাতে ভাগ হলো।<br>(ক) সজলের ঘণ্টায় গতিবেগ নির্ণয় কর।<br>(খ) আমীন ও সজলের গতিবেগের অনুপাত বের কর।<br>(গ) আমীন ও সজল প্রত্যেকে কত টাকা লভ্যাংশ পেয়েছে তা নির্ণয় কর।<br><br>২। তিনটি বীজগণিতীয় ভগ্নাংশ হলো $\frac{a}{a^2+a-2}$, $\frac{2}{a^2+3a+2}$, $\frac{a}{a^2-1}$<br>(ক) প্রথম ভগ্নাংশের হরকে উৎপাদকে বিশ্লেষণ কর।<br>(খ) ভগ্নাংশ তিনটির হরের ল. সা.গু. নির্ণয় কর।<br>(গ) দ্বিতীয় ও তৃতীয় ভগ্নাংশের যোগফল থেকে প্রথম ভগ্নাংশটি বিয়োগ কর।<br><br>**সংক্ষিপ্ত প্রশ্ন:**<br>১। ২ মাইল এবং ৩ কিলোমিটারের পার্থক্য কত মিটার?<br>২। একটি ঘনকের একটি তলের পরিসীমা ১২ মিটার হলে এর আয়তন কত?<br>৩। একটি গ্লাসে ২৫০ মিলিলিটার পানি ধরে। এরুপ ২৫টি গ্লাসের পানি দ্বারা একটি পানির পাত্র সম্পূর্ণরুপে ভরা যায়। পাত্রটিতে কত লিটার পানি ধরে?<br>৪। সরকারি ব্যবস্থাপনায় প্রতিদিন ৮ ঘন্টা করে ট্রাকে চাল বিক্রি করা হয়। গড়ে প্রতি ঘন্টায় ২৮০ কেজি ৫০০ গ্রাম চাল বিক্রি করা হলে প্রতিদিন কত মেট্রিক টন চাল বিক্রি করা হয়?<br>৫। তোমার পড়ার টেবিলের প্রস্থ ২ ফুট এবং দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। টেবিলটির উপরি তলের ক্ষেত্রফল কত?<br>৬। জনাব চৌধুরী প্রতিদিন প্রাতঃভ্রমণের জন্য তার আয়তাকার বাগানের চারদিকে চার চক্কর দেন। তার বাগানটির দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ এবং বাগানটির দৈর্ঘ্য ১২০ মিটার। প্রাতঃভ্রমণে তিনি কত কিলোমিটার হাঁটেন?<br>৭। অনু তার খাতায় একটি সামান্তরিক এঁকে মেপে দেখল যে, এর ভূমি ৭.৫ সেন্টিমিটার এবং উচ্চতা ৪.২৫ সেন্টিমিটার। অনুর আঁকা সামান্তরিকটির ক্ষেত্রফল কত?<br>৮। একটি ত্রিভুজের ভূমি ৬ সেন্টিমিটার ৫০ মিলিমিটার এবং উচ্চতা ৪০০ মিলিমিটার এর ক্ষেত্রফল কত বর্গসেন্টিমিটার?<br>৯। ৭ কিলোমিটার ৭ সেন্টিমিটার = কত মিটার?<br>১০। উত্তর মেরু থেকে বিষুবরেখা পর্যন্ত দূরত্বের কত ভাগের এক ভাগকে এক মিটার বলে? | ১। অনুপাত ও লাভ ক্ষতির ধারণা ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারা।<br><br>২। বীজ গণিতীয় ভগ্নাংশের যোগ বিয়োগ করতে পারা।<br><br>**সক্ষিপ্ত প্রশ্ন:**<br>পরিমাপের বিভিন্ন একক ব্যবহার করে পরিমাপ করতে পারা। |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-৩** | **নবম অধ্যায়:**<br>তাপ ও তাপমাত্রা<br>আদ্রতা ও বায়ুচাপের উপর<br>তাপমাত্রার প্রভাব<br>তাপমাত্রার পরিমাপ<br>তাপ সঞ্চালন | প্রশ্ন ১: লাবিব একটি লৌহ দন্ড নিয়ে তার একপ্রান্তে মোমবাতির সাহায্যে উত্তপ্ত করল। কিছুক্ষন পর সে দেখল দন্ডটির অপর প্রান্ত গরম হয়ে গেছে এবং থার্মোমিটারের সাহায্যে মেপে দেখল তাপমাত্রা ৫০ ডিগ্রী সেলসিয়াস।<br>ক) তাপ সঞ্চালন কাকে বলে ?<br>খ) তাপমাত্রা বাড়লে বায়ুমন্ডলের চাপ কমে যায় কেন?<br>গ) দন্ডের তাপমাত্রা ফারেনহাইট স্কেলে নির্ণয় কর।<br>ঘ) উদ্দীপকের আলোকে বস্তুতে কোন পদ্ধতিতে তাপ সঞ্চালিত হয়েছে? বিশ্লেষণ কর।<br>**সংক্ষিপ্ত প্রশ্ন:**<br>১। গরম হ্যারিকেনের চিমনিতে ঠান্ডা পানি পড়লে চিমনি ফেটে যায় কেন? | • নির্ভুল তথ্য ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের সক্ষমতা<br>• তাপমাত্রা ফারেনহাইট স্কেলে নির্ণয়ের দক্ষতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **চতুর্থ অধ্যায়:**<br>আখলাক | জনাব 'ক' নিয়মিত মার্জিত বেশভূষায় অফিসে আসা-যাওয়া করেন। সহকর্মী ও সেবাগ্রহনকারী সবাই তার ব্যবহারে মুগ্ধ। তার সহকর্মী জনাব 'খ' তার এলাকার অসুস্থ-পীড়িত পশু-পাখি, বিরান-বিপন্ন গাছ-গাছালির পরিচর্যার জন্য একটি বহুমুখী ইনস্টিটিউশন পরিচালনা করেন।<br>গ. জনাব 'ক' এর মধ্যে আখলাকে হামিদাহর কোন গুণটি বিদ্যামান? ব্যাখা কর।<br>ঘ. জনাব 'খ' এর কার্যক্রমটি তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। | • বিষয়বস্তুগত জ্ঞান<br>• নির্ভূল তথ্য ও যুক্তিসঙ্গত ব্যাখা প্রদানের সক্ষমতা<br>• উদ্দীপকের আলোকে দক্ষতার স্তর নিরুপন ও পাঠ্যবইয়ের বিষয়ের সাথে সামঞ্জস্য বিধানের পারঙ্গমতা<br>• সৃজনশীল প্রশ্নের উচ্চতর দক্ষতা নিরুপন ও প্রাসঙ্গিক ক্ষেত্রে যৌক্তিক বিশ্লেষন করার দক্ষতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **পঞ্চম অধ্যায়:**<br>দেব-দেবী ও পূজাপার্বণ | নিচের বিষয়গুলো অন্তর্ভূক্ত করে লক্ষ্মীপূজার একটি প্রতিবেদন তৈরি কর-<br>(১) পূজার স্থান<br>(২) দেবীর প্রতিমা<br>(৩) উপাচারসমূহ<br>(৪) পূজা পদ্ধতি<br>(৫) পুষ্পাঞ্জলির মন্ত্র<br>(৬) লক্ষ্মীপূজার শিক্ষা ও প্রভাব | (১) পূজার স্থানের বর্ণনা<br>(২) দেবী প্রতিমার বর্ণনা<br>(৩) উপাচারসমূহের নাম<br>(৪) পূজা পদ্ধতির বর্ণনা<br>(৫) পুষ্পাঞ্জলির মন্ত্র<br>(৬) ব্যক্তি জীবনে লক্ষ্মীপূজার শিক্ষা ও প্রভাবসমূহ |

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **চতুর্থ অধ্যায়:**<br>দান অনুষ্ঠান পরিচিতি<br><br>**ষষ্ঠ অধ্যায়:**<br>আর্য অষ্টাঙ্গিক মার্গগুলো<br><br>**নবম অধ্যায়:**<br>জাতকের উৎপত্তি ও গঠন শৈলী<br>দশম অধ্যায় | **সংক্ষিপ্ত উত্তর দাও:**<br>১. বৌদ্ধদের দান অনুষ্ঠানগুলো লিখ।<br>২. আর্য অষ্টাঙ্গিক মার্গগুলোর মধ্যে সম্যক দৃষ্টি ও সম্যক সংকল্প ব্যাখ্যা কর।<br>৩. জাতকের গঠন শৈলী লিখ।<br>৪. নালন্দা নামের উৎপত্তি সম্পর্কে লিখ। | • বিষয়বস্তু সম্পর্কে জ্ঞান<br>• প্রশ্নের নির্দেশনা অনুযায়ী ধারাবাহিক উত্তর।<br>• শব্দ ও বাক্য ব্যবহারের ক্ষমতা<br>• যুক্তি ও তথ্য প্রদানের ক্ষমতা।<br>• নিজস্ব মত প্রকাশের ক্ষমতা<br>• বিষয়বস্তুর গভীরতা অনুধাবনের যোগ্যতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **চতুর্থ অধ্যায়:**<br>পাপ<br><br>**পঞ্চম অধ্যায়:**<br>মুক্তিদাতা যীশুর জীবন ও কাজ<br><br>**নবম অধ্যায়:**<br>ক্ষমা, সহনশীলতা ও দেশপ্রেম | ১. দীক্ষাগুরু যোহন কর্তৃক যীশুর দীক্ষা স্নান সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দাও।<br>২. ক্ষমা সম্পর্কে যীশুর শিক্ষাসমূহ কী?<br>৩. সহনশীলতা বলতে কী বুঝায়?<br>৪. মা-মাটি-মাতৃভূমি বলতে কী বুঝানো হয়েছে? | • বিষয়বস্তুর সাথে বাস্তব জীবনের সংযোগ সাধন |